গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ, পরিকল্পনা শাখা-৩
www.powerdivision.gov.bd

নথি নং -২৭.০০.০০০০.০৮৩.১৪.০১১.১৬/১৬২ তারিখঃ ১৬ এপ্রিল, ২০১৭

বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের মার্চ ২০১৭ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

গত ০৬-০৪-২০১৭ তারিখে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত এ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের মার্চ ২০১৭ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

০২। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির পূর্নাঙ্গ প্রতিবেদন আগামী ৩০-০৪-২০১৭ তারিখের মধ্যে এ বিভাগে আবশ্যিকভাবে প্রেরণের জন্য বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল সংস্থা ও কোম্পানি-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬/০৪/২০১৭

সংযুক্তিঃ বর্ণনামতে।

(এস. এম. শফিকুল ইসলাম)
সহকারী প্রধান
ফোন- ৯৫৫৮৮৬৭
planning-3@pd.gov.bd

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা, (দৃঃ আঃ পরিচালক-৫)।
০৩। সচিব, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
০৪। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
০৫। চেয়ারম্যান, আরইবি, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
০৬। অতিরিক্ত সচিব (উন্নয়ন), বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। প্রধান (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৮। প্রধান (শক্তি), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৯। চেয়ারম্যান, স্রেডা, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১০। চেয়ারম্যান, বিউবো, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
১১। মহাপরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ ভবন, রমনা ঢাকা।
১২। ব্যবস্থাপনা পরিচালক, পিজিসিবি, ৫ম তলা, আইইবি ভবন (নিউ বিল্ডিং), রমনা, ঢাকা
১৩। ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো, বনানী, ঢাকা।
১৪। ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো, বিদ্যুৎ ভবন, বয়রা, খুলনা।
১৫। ব্যবস্থাপনা পরিচালক, আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোং লিঃ, আশুগঞ্জ, বি-বাড়ীয়া।
১৬। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১৭। ব্যবস্থাপনা পরিচালক, ইজিসিবি, কাওরান বাজার, ঢাকা।
১৮। ব্যবস্থাপনা পরিচালক, NWPGCL, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১৯। ব্যবস্থাপনা পরিচালক, কোল পাওয়ার জেনারেশন কোং, ইউনিক হাইটস (লেভেল-১৭), রমনা, ঢাকা।
২০। ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল, উত্তরা মডেল টাউন, ঢাকা।
২১। প্রকল্প পরিচালক, উইন্ড ম্যাপিং রিসোর্স প্রকল্প, বিদ্যুৎ বিভাগ।
২২। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামর, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **[কার্যবিবরণীটি এ বিভাগের Website এ সন্নিবেশ করার অনুরোধসহ]**।
২৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপিঃ

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ, পরিকল্পনা শাখা-৩

২০১৬-১৭ অর্থবছরের এডিপি-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের মার্চ, ২০১৭ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের মার্চ, ২০১৭ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা ০৬-০৪-২০১৭ তারিখে বিদ্যুৎ বিভাগে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট -'ক' তে দ্রষ্টব্য।

২.০ আলোচনা:

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিদ্যুৎ বিভাগের যুগ্ম-প্রধান ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিষয় সভায় উপস্থাপন করেন। সভায় জানানো হয় যে, বর্তমানে বিদ্যুৎ বিভাগ ও এর আওতাধীন বিভিন্ন সংস্থায় ৮৭টি প্রকল্প চলমান রয়েছে এবং এসব প্রকল্পের জন্য ২০১৬-১৭ অর্থবছরে মোট ১৬২১৭.৮৩ কোটি টাকা বরাদ্দ রয়েছে। এছাড়া, সংস্থা/কোম্পানিসমূহের নিজস্ব অর্থায়নে ২৮টি প্রকল্প এডিপি-তে অন্তর্ভুক্ত আছে এবং এজন্য বরাদ্দ রয়েছে মোট ১৬৮৯.২৩ কোটি টাকা। সব মিলিয়ে ২০১৬-১৭ অর্থবছরের সর্বমোট আরএডিপি বরাদ্দ ১৭৯০৯.০৬ কোটি (জিওবি ৮৮৪৪.০৭ কোটি, পিএ ৪৫৭৭.০৪ কোটি, ইসিএ ২৭৯৬.৭০ কোটি এবং নিজস্ব অর্থায়ন ১৬৮৯.২৩ কোটি) টাকা। বিদ্যুৎ বিভাগের প্রকল্পসমূহের (নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ ব্যতীত) বিপরীতে মার্চ, ২০১৭ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ৮৯৫৫.২০ কোটি টাকা যা'মোট এডিপি বরাদ্দের ৫৫.২২%। গত বছর একই সময়ে আর্থিক অগ্রগতি ছিল ৫২.০৮%। অপরদিকে, সংস্থাসমূহের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন ২৮টি প্রকল্পের জন্য চলতি অর্থবছরে ১৬৮৯.২৩ কোটি টাকা বরাদ্দের বিপরীতে মার্চ ২০১৭ পর্যন্ত ব্যয় হয়েছে ১৪০৮.৬০ কোটি টাকা (৮৩.৩৯%)। সব মিলিয়ে ১১৫টি প্রকল্পের জন্য মোট এডিপি বরাদ্দের পরিমাণ ১৭৯০৭.০৬ কোটি টাকা এবং মার্চ ২০১৭ পর্যন্ত ব্যয় হয়েছে ১০৩৯৬.৮০ কোটি টাকা (৫৭.৮৮%)।

২.২ সভায় জানানো হয় যে, চলমান ৮৭টি প্রকল্পের মধ্যে ০% অগ্রগতিসম্পন্ন প্রকল্পের সংখ্যা ২৯টি; এর মধ্যে ১৫টি প্রকল্পের অনুকূলে মূল এডিপি-তে কোন বরাদ্দ ছিলনা। চলতি অর্থবছরের আরএডিপিতে এসব প্রকল্পের অনুকূলে নতুন করে বরাদ্দ প্রদান করা হলেও মার্চ পর্যন্ত কোন অর্থ ছাড় ও ব্যয় করা সম্ভব হয়নি। মূল এডিপি-তে বরাদ্দ থাকা সত্ত্বেও ১৪টি প্রকল্পের অগ্রগতি শূণ্য। সভায় জানানো হয় যে, ৬০% পর্যন্ত অগ্রগতিসম্পন্ন প্রকল্পের সংখ্যা ৩০ টি এবং ৬০% এর অধিক অগ্রগতিসম্পন্ন প্রকল্পের সংখ্যা ২৮টি, তন্মধ্যে ৮০% এর অধিক অগ্রগতি হয়েছে ১১টি প্রকল্পের।

২.৩। আলোচনায় অংশ নিয়ে সভাপতি বলেন যে, বরাদ্দ থাকা সত্ত্বেও ১৪টি প্রকল্পের আর্থিক অগ্রগতি শূণ্য হওয়ার বিষয়টি কোনভাবেই গ্রহণযোগ্য নয়। তিনি প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করার জন্য সংস্থা প্রধানগণকে ব্যক্তিগতভাবে জোর প্রচেষ্টা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। তিনি আরএডিপি বরাদ্দের শতভাগ ব্যয় নিশ্চিতকরণের জন্য অর্থবছরের অবশিষ্ট ৩মাস নিরলস প্রচেষ্টা চালানোর জন্যও সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। সভাপতি বিদ্যুৎ খাতে প্রয়োজনীয় মানবসম্পদ উন্নয়নের বিষয়ে গুরুত্বারোপ করেন।

২.৪। আলোচনায় অংশ নিয়ে বিদ্যুৎ বিভাগের সচিব বলেন যে, আরএডিপি বাস্তবায়নের সার্বিক অগ্রগতি সন্তোষজনক হলেও কতিপয় প্রকল্পের অগ্রগতি সন্তোষজনক নয়। তিনি এসব প্রকল্পের অনুকূলে আরএডিপি বরাদ্দের শতভাগ ব্যয় নিশ্চিতকরণে বিশেষভাবে মনোযোগী হওয়ার জন্য সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও সংস্থা প্রধানগণকে নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন, প্রকল্প বাস্তবায়নে অদক্ষতা কোনভাবেই গ্রহণযোগ্য হবেনা। এখন থেকে উদ্যোগী ও দক্ষ প্রকল্প পরিচালকগণকে পুরস্কৃত এবং অদক্ষ প্রকল্প পরিচালকগণকে তিরস্কারের ব্যবস্থা প্রচলন করা হবে।

২.৫। আলোচনায় অংশ নিয়ে স্রেডার চেয়ারম্যান নবায়নযোগ্য জ্বালানির মাধ্যমে মনপুরা ও রাঙ্গাবালি উপজেলা বিদ্যুতায়নের কার্যক্রম সম্পর্কে বলেন যে, মনপুরা উপজেলায় নবায়নযোগ্য জ্বালানির মাধ্যমে বিদ্যুতায়নের বিষয়ে ইতোমধ্যে IDCOL ও বেসরকারি খাতের অন্যান্য উদ্যোক্তা কর্তৃক কার্যক্রম শুরু হয়েছে। এ পর্যায়ে উক্ত উপজেলায় নবায়নযোগ্য জ্বালানির মাধ্যমে বিদ্যুতায়নের দায়িত্ব বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের উপর ন্যস্ত করা হলে বেসরকারি খাতের উদ্যোক্তাগণ নিরুৎসাহিত হবে। উক্ত প্রেক্ষিতে বিদ্যুৎ বিভাগের সচিব বলেন দেশের অফ গ্রীড এলাকাসমূহ নবায়নযোগ্য জ্বালানির মাধ্যমে বিদ্যুতায়নের বিষয়ে

চলমান পাতা-২

বেসরকারি খাতের উদ্যোক্তাদের পাশাপাশি সরকারি খাতের বিভিন্ন সংস্থা/কোম্পানিকেও দায়িত্ব পালন করতে হবে। এতে প্রতিযোগিতাপূর্ণ পরিবেশ সৃষ্টির মাধ্যমে ভোক্তাগণ অপেক্ষাকৃত ভালো সেবা পাবেন। বিস্তারিত আলোচনান্তে মনপুরা উপজেলায় নবায়নযোগ্য জ্বালানির মাধ্যমে বিদ্যুতায়নের বিষয়ে IDCOL ও বেসরকারি খাতের অন্যান্য উদ্যোক্তা কর্তৃক গৃহীত কার্যক্রম অব্যাহত রাখা এবং রাঙ্গাবালি উপজেলায় নবায়নযোগ্য জ্বালানির মাধ্যমে বিদ্যুতায়নের বিষয়ে বাপবিবো কর্তৃক কার্যক্রম গ্রহণের পক্ষে সভায় অভিমত ব্যক্ত করা হয়।

৩.০ সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩.১	প্রকল্প পরিচালক ও সংস্থা প্রধানগণ আরএডিপি-তে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নিশ্চিতকরণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। যেসব প্রকল্পের অগ্রগতি এখনো সন্তোষজনক নয়, সেসব প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও সংস্থা প্রধানগণ বিশেষ মনোযোগী হবেন।	সকল সংস্থা প্রধান ও প্রকল্প পরিচালক
৩.২	মনপুরা উপজেলায় নবায়নযোগ্য জ্বালানির মাধ্যমে বিদ্যুতায়নের বিষয়ে IDCOL ও বেসরকারি খাতের অন্যান্য উদ্যোক্তা কর্তৃক গৃহীত কার্যক্রম অব্যাহত থাকবে এবং রাঙ্গাবালি উপজেলায় নবায়নযোগ্য জ্বালানির মাধ্যমে বিদ্যুতায়নের বিষয়ে বাপবিবো প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।	স্রেডা/ বাপবিবো
৩.৩	"রামপাল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প এলাকায় দ্বিতীয় ব্লকের ভূমি উন্নয়ন, সংরক্ষণ ও বাউন্ডারী ওয়াল নির্মাণ" প্রকল্পের আওতায় ভূমি উন্নয়নের কাজ জুন ২০১৭ এর মধ্যে আবশ্যিকভাবে সম্পন্ন করতে হবে। বিষয়টি বাবিউবো'র উর্ধ্বতন কর্মকর্তাগণ নিয়মিত পরিবীক্ষণ করবেন।	বাবিউবো ও প্রকল্প পরিচালক
৩.৪	বিদ্যুৎ খাতে প্রয়োজনীয় মানবসম্পদ উন্নয়নের জন্য সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়সমূহের সাথে যোগাযোগপূর্বক একটি সময়োপযোগী কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও নবাঃ জ্বালানি)-কে আহবায়ক করে সংশ্লিষ্ট সংস্থাসমূহের প্রতিনিধির সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে।	প্রশাসন উইং বিদ্যুৎ বিভাগ
৩.৫	প্রতিমাসের এডিপি বাস্তবায়নের তথ্য সংশ্লিষ্ট মাসের শেষ কার্য দিবসের মধ্যে বিদ্যুৎ বিভাগের ওয়েব বেইজ মনিটরিং সিস্টেমে আপলোড করতে হবে।	

৪.০ অন্য কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(নসরুল হামিদ, এমপি)
প্রতিমন্ত্রী